



চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১

Web Site: www.chuadangapourashava.org, E-mail: mayor16cp@gmail.com



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২১/ ২৪২৬

তারিখ-০৫/১০/২০২১খ্রিঃ।

প্রাপক

প্রকল্প পরিচালক

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এলজিইডি ভবন, লেভেল-১২

আগারগাঁও, শেরে বাংলা নগর


ঢাকা -১২০৭।

বিষয়ঃ তৃতীয় নগর পরিচালন অবকাঠামো উন্নতি করন (সেক্টর) প্রকল্পের আওতায় বাস্তবানাধীন চুয়াডাঙ্গা পৌরসভার পৌর মার্কেট প্যাকেজ নং-UGIIP-III-3/CHUA/MF/01/2016 এর ২য় তলার আভ্যন্তরিন বিন্যাস পরিবর্তন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানাইতেছি যে, তৃতীয় নগর পরিচালন অবকাঠামো উন্নতি করন (সেক্টর) প্রকল্পের আওতায় বাস্তবানাধীন চুয়াডাঙ্গা পৌরসভার প্যাকেজ নং-UGIIP-III 3/CHUA/MF/01/2016 এর অধিন চুয়াডাঙ্গা পৌরসভাতে একটি মার্কেট, ভবন নির্মাণ কাজ শুরু হয়েছে। ৯ তলার ভিত সম্বলিত বেসমেন্ট সহ ২য় তলা মার্কেট নির্মাণ কাজ চলমান আছে। মার্কেটের ৫ম ও ৬ষ্ঠ তলাতে শ্রীমন্ত টাউন হল এবং আবুল হোসেন পাবলিক লাইব্রেরীর সংস্থান আছে। কিন্তু প্রকল্পের আওতায় আপাতত ভবনটি দুই তলা পর্যন্ত নির্মাণ হচ্ছে।

০২। ভবন নির্মাণের স্থানে পুরাতন জ্বরাজীর্ণ শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরী থাকায় উহা পরিত্যক্ত ঘোষণা সহ অপসারণের প্রয়োজন পড়ে। জেলা কনডেম কমিটির সভাতে ভবনটি সম্পূর্ণ নির্মাণ না হওয়া পর্যন্ত আপাতত অস্থায়ী ভাবে ২য় তলায় সিঁড়ির ডান পাশে আবুল হোসেন পাবলিক লাইব্রেরী ও বাম পাশে শ্রীমন্ত টাউন হল এর স্থান রাখার জন্য জায়গা নির্ধারণের প্রস্তাব সম্বলিত সিদ্ধান্ত গ্রহন করেন (কপি সংযুক্ত)। তাছাড়া মাননীয় সংসদ চুয়াডাঙ্গা-১ এবং জেলা প্রশাসক চুয়াডাঙ্গা নিম্নস্বাক্ষকারীর সাথে বৈঠক করে নবনির্মিত ভবনের ২য় তলায় আপাততঃ শ্রীমন্ত টাউন হল ও আবুল হোসেন পাবলিক লাইব্রেরীর জন্য জায়গা নির্ধারণের জন্য বলেন। নিম্নস্বাক্ষকারী ভবনটি নির্মাণের স্বার্থে উক্ত প্রস্তাব গ্রহন করেন। সেকারণে ভবনের ডিজাইন অপরিবর্তিত রেখে শুধু মাত্র ২য় তলার আভ্যন্তরিন বিন্যাস পরিবর্তন প্রয়োজন।

০৩। এমতাবস্তায় ভবনের ডিজাইন ও নির্মাণ ব্যয় অপরিবর্তিত রেখে শুধু মাত্র ২য় তলায় আভ্যন্তরিন বিন্যাস পরিবর্তনের অনুমতি প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।


(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

তারিখ-০৫/১০/২০২১খ্রিঃ।


স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২১/ ২৪২৬/২১০

■ অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

২। টিম লিডার, (UGIIP-III),এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর,ঢাকা -১২০৭।

৩। অফিস কপি/ওয়েব মেইল, চুয়াডাঙ্গা পৌরসভা।


মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।